

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd


নং-০৫.৮১.০০০০.০০১.০৩.০৬৯.১২. ৪৮৪

তারিখ: ১৭/১০/২০১৮খ্রি.

অফিস আদেশ

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিয়ন্ত্রণাধীন মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে বর্তমানে কর্মরত নিরাপত্তা প্রহরী ও পরিচ্ছন্ন কর্মীগণ অবসরে গেলে অথবা এসব পদ শূন্য হলে উক্ত পদে আউটসোর্সিং এর মাধ্যমে লোক নিয়োগের জন্য ২৮তম বোর্ড সভায় সিদ্ধান্ত রয়েছে। ঐ সিদ্ধান্ত অনুসরণে আউটসোর্সিং এর মাধ্যমে বিভাগীয় কার্যালয় সমূহে উক্ত পদে কর্মচারী নিয়োগের লক্ষ্যে সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নির্বাচনের জন্য নিম্নবর্ণিত শর্তে অনুমোদন প্রদান করা হলো :

- (১) আউটসোর্সিং এর সেবা গ্রহণ নীতিমালা ২০০৮ ও পি পি আর ২০০৮ অনুসরণ করে লোক নিয়োগের পদক্ষেপ গ্রহণ করতে হবে ;
- (২) পিপিআর ২০০৮ এর দরপত্র/প্রস্তাব মূল্যায়ন করে মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের জন্য সেবা ক্রয়কারী দপ্তর প্রধান ও নিয়োগকারী কর্তৃপক্ষ অর্থাৎ মহাপরিচালক বরাবরে প্রেরণ করতে হবে ;
- (৩) নিয়োজিত কর্মচারীগণের সেবামূল্য সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের বরাদ্দকৃত বাজেট হতে পরিশোধ করতে হবে।


(মোঃ আসাদুল ইসলাম)
মহাপরিচালক(সচিব)
ফোন-৪৯৩৪৯৩২৩।

বিতরণ:

- ১। পরিচালক(প্রশাসন/উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা।
- ২। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল।
- ৩। হিসাবরক্ষণ কর্মকর্তা (বোর্ড তহবিল), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সুপারভাইজার, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মতিঝিল, ঢাকা।
- ৫। সংরক্ষণ নথি।